আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

কর্মী-ব্যবস্থাপনা উপ-বিভাগ

প্রশাসন সার্কুলার নং-০২/২০২০ তারিখ ঃ ১৮ ফেব্রুয়ারি ২০২০

**বিষয় ঃ "বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি" নীতিমালা-২০২০**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মপরিকল্পনার অংশ হিসেবে অত্র ব্যাংকে "বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি" নীতিমালা-২০২০ নিম্নোক্তভাবে প্রণয়ন করা হলো ঃ

১। **শিরোনাম ঃ** এ নীতিমালা "বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি" নীতিমালা-২০২০ নামে অভিহিত হবে।

২। **প্রয়োগ ও প্রবর্তন ঃ**

ক) এ নীতিমালা ১৭-০৩-২০২০ তারিখ হতে কার্যকর হবে। ২০১৯ সাল এবং তৎপরবর্তী পিইসি ও সমমান এবং জেএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী এ নীতিমালার আলোকে বৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য হবেন।

খ) অত্র ব্যাংকের স্থায়ী কর্মচারীদের মেধাবী সন্তানদের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩। **তহবিল গঠন ঃ**

ব্যাংকের বার্ষিক মুনাফার ১টি নির্ধারিত অংশ দ্বারা তহবিল গঠন করা হবে। তহবিলের সুদের/লভ্যাংশের অর্থ এ তহবিলে অন্তর্ভুক্ত হবে।

৪। **তহবিল পরিচালনা কমিটি ঃ** নিম্নবর্নিত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক তহবিল পরিচালিত হবে ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার পদবী | স্ট্যাটাস |
|---|---|---|
| ০১. | ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ০২. | মহাব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য |
| ০৩. | মহাব্যবস্থাপক (অপারেশন) | সদস্য |
| ০৪. | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ০৫. | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য |
| ০৬. | উপ-মহাব্যবস্থাপক (কেন্দ্রীয় হিসাব, নিরীক্ষা ও শেয়ার) | সদস্য |
| ০৭. | সহকারী মহাব্যবস্থাপক (কর্মী ব্যবস্থাপনা) | সদস্য-সচিব |

৫। **তহবিলের ব্যবহার ঃ**

ব্যাংকের কর্মচারীদের মেধাবী সন্তানদের নিম্নোক্ত ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তি প্রদান করা হবে ঃ

| পরীক্ষার নাম | পরীক্ষায় অর্জিত ফলাফল | বৃত্তির পরিমান (এককালীন) |
|---|---|---|
| পিইসি (PEC) ও সমমান | জিপিএ-৫ | ৫০০০/- |
| জেএসসি (JSC) ও সমমান | জিপিএ-৫ | ৫০০০/- |

৬। **আবেদনপত্র প্রেরণের প্রক্রিয়া ঃ**

এতদসঙ্গে সংযুক্ত নির্ধারিত ফরমেট (পরিশিষ্ট-ক মোতাবেক) পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যাংকের প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ প্রধান বরাবরে প্রেরন করতে হবে।

চলমান পাতা-২

বিষয় ঃ "বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি" নীতিমালা-২০২০

৭। **আবেদনপত্র প্রেরণের সময়সীমা ঃ**

আবেদনপত্র প্রতি বছর জানুয়ারি মাসের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে পৌঁছানো নিশ্চিত করতে হবে। তবে ২০১৯ সালে পিইসি (PEC) ও সমমান এবং জেএসসি (JSC) ও সমমান পরীক্ষায় অংশগ্রহণকারীদেরকে আগামী ০৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে আবেদনপত্র অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৮। **আবেদনপত্র যাচাই-বাছাই ও সুপারিশ ঃ**

নিম্নবর্নিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক আবেদনপত্র যাচাই-বাছাইয়ের কাজ সম্পন্ন করা হবে ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার পদবী | স্ট্যাটাস |
|---|---|---|
| ০১. | মহাব্যবস্থাপক (প্রশাসন) | সভাপতি |
| ০২. | মহাব্যবস্থাপক (অপারেশন) | সদস্য |
| ০৩. | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ০৪. | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য |
| ০৫. | উপ-মহাব্যবস্থাপক (কম্পিউটার ও শাখা নিয়ন্ত্রণ) | সদস্য |
| ০৬. | উপ-মহাব্যবস্থাপক (ঋণ, অগ্রীম এবং ঋণ আদায়) | সদস্য |
| ০৭. | সহকারী মহাব্যবস্থাপক (কর্মী ব্যবস্থাপনা) | সদস্য-সচিব |

উক্ত কমিটি প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে যোগ্য ও অযোগ্য আবেদনপত্রের পৃথক দুটি তালিকা প্রস্তুত করে সুপারিশসহ তহবিল পরিচালনা কমিটির সভাপতির নিকট পেশ করবেন। তহবিল পরিচালনা কমিটির অনুমোদনক্রমে যোগ্য আবেদনকারীদেরকে নগদে এককালীন বৃত্তি প্রদান করা হবে।

৯। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

Shmod 18-2-2020
মোঃ শিব্বির আহমেদ
সহকারী মহাব্যবস্থাপক

সূত্র নং-১/১০/৩৮১/ ৬২৩৮

তারিখ ঃ১৮-ফেব্রুয়ারি ২০২০

**বিতরণ ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ।**

১। জনাব মোঃ মইনুল ইসলাম, পিএএম, স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং উপ-পরিচালক (ওয়েলফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৭। সকল শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৮। অফিস নথি/মহানথি।

১৮/০২/2020
জোহরা আক্তার
সিনিয়র অফিসার

E:\2.Welfare\BMES\3-Regulation of Bangobandhu Memorial E. Scholarship.doc

পরিশিষ্ট-ক

ব্যবস্থাপনা পরিচালক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
ও
সভাপতি
বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি তহবিল পরিচালনা কমিটি

আবেদনকারী কর্তৃক শিক্ষার্থীর এক কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি

মাধ্যম ঃ যথাযথ কর্তৃপক্ষ

**বিষয় ঃ <u>বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি তহবিল হতে বৃত্তি প্রাপ্তির জন্য আবেদনপত্র।</u>**

প্রিয় মহোদয়

বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি তহবিল হতে বৃত্তি প্রাপ্তির আবেদন সদয় বিবেচনার জন্য নিম্নে প্রয়োজনীয় তথ্য পেশ করা হলো ঃ

০১। আবেদনকারীর নাম (ব্যাংক কর্মচারী) ঃ
পরিচিতি নং ঃ
পদবী ঃ
বর্তমান কর্মস্থল ঃ

০২। শিক্ষার্থীর বিবরণ (যার জন্য বৃত্তির আবেদন করা হচ্ছে) ঃ
নাম ঃ
পিতার নাম ঃ
মাতার নাম ঃ
শিক্ষার্থীর সহিত আবেদনকারীর সম্পর্ক ঃ

০৩। শিক্ষা সম্পর্কিত তথ্য ঃ

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠান | বোর্ড | শিক্ষাবর্ষ | পাশের সন/পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ | প্রাপ্ত জিপিএ | প্রাপ্ত গ্রেড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

[পরীক্ষার সনদপত্র/প্রশংসাপত্র এবং জিপিএ নম্বরপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত অবশ্যই সংযুক্ত করতে হবে]

.................................................
আবেদনকারীর স্বাক্ষর
(নাম যুক্ত সীলসহ)

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৪। নিয়ন্ত্রনকারী কর্মকর্তার প্রত্যায়ন ঃ

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ঃ

নাম ও পদবী যুক্ত সীল ঃ

তারিখ ঃ